

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল



স্মারক নং :- বশিবো/কলেজ/অনু: ২০২২/১০২৫

তারিখ : ১৩.০৩.২০২২

জরুরি বিজ্ঞপ্তি

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৫ম পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি -

সূত্র : বাংলাদেশ আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটি,
স্মারক নং: বিবিধ/কলেজ/২০২০/৩১৭, তারিখ : ১৩.০৩.২০২২

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষে পুনরায় (সর্বশেষ) ৫ম ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট (<http://www.xiclassadmission.gov.bd>) এ প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। শিক্ষার্থীকে কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৩ (তিন) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে পারবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৫ম ধাপে online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে :

০১. যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি -
০২. আবেদন করেছে কিন্তু কোন কলেজে সিলেকশন পায়নি-
০৩. শিক্ষার্থী কোন কলেজে চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ০৭.০৩.২০২২ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি অথবা কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি -
০৪. উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এস.এস.সি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী -

২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৫ম ধাপে online এর মাধ্যমে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে -

ক্রম	বিষয়	তারিখ
০১.	৫ম (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	১৫.০৩.২০২২ (মঙ্গলবার) থেকে ২২.০৩.২০২২ (মঙ্গলবার) রাত ৮:০০ টা পযন্ত। (বি.দ্র. কেবল ১৭.০৩.২০২২ তারিখ বৃহস্পতিবার বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে আবেদন প্রক্রিয়া বন্ধ থাকবে)
০২.	৫ম (সর্বশেষ) পর্যায়ের আবেদন যাচাই-বাছাই	২৩.০৩.২০২২ (বুধবার)
০৩.	৫ম (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৪.০৩.২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা)
০৪.	৫ম (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন ও কলেজে ভর্তি	২৭.০৩.২০২২ (রবিবার) থেকে ২৮.০৩.২০২২ (সোমবার) বিকেল ৫:০০ টা পযন্ত

উল্লেখ্য, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা - ২০২১ অনুসরণপূর্বক অন-লাইন ব্যতীত ম্যানুয়ালি কোন শিক্ষার্থী ভর্তি করা হবে না। ৫ম (সর্বশেষ) পর্যায়ের পর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির লক্ষে আর কোন আবেদন গ্রহণ করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের শেষবারের মত অবহিত করা হলো।

প্রফেসর মোহাম্মদ ইউনুস # ৬৯৪৭

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

মোবাইল: ০১৭১১৫৪৬৯৫৩